



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২৭ জুন ২০২২

বাউবিতে দূরশিক্ষণে টিউটরিং শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন কর্তৃক আয়োজিত দূরশিক্ষণে টিউটরিং শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা গাজীপুরস্থ ক্যাম্পাসে ২৭ জুন ২০২২ সোমবার বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবির উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার তাঁর বক্তৃতায় বলেন, সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপি শিক্ষার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০৪১ বাস্তবায়নে বাউবির বিএড ও এমএড প্রোগ্রামের টিউটর ও সমন্বয়কারীদের প্রতি সহযোগিতার আহবান জানান। তিনি আরো বলেন বিএড ও এমএড প্রোগ্রাম আন্তর্জাতিক মানসম্মত করতে বাউবি কাজ করে যাচ্ছে।



স্কুল অব এডুকেশন এর ডিন অধ্যাপক সুফিয়া বেগমের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল উপস্থিত ছিলেন।

কর্মশালায় স্কুল অব এডুকেশনের শিক্ষকগণ, আঞ্চলিক পরিচালকগণ এবং সারা দেশ জুড়ে বিস্তৃত বিএড ও এমএড প্রোগ্রামের সমন্বয়কারী ও টিউটরগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষর

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)